# সহীহ দুআ ও যিক্‌র

বিভাগ/অধ্যায়ঃ প্রার্থনামূলক কুরআনী দুআ

রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

২। আল্লাহর দয়া ও ক্ষমা ভিক্ষা করতেঃ

رَبَّنَا ظَلَمْنَا أَنفُسَنَا وَإِن لَّمْ تَغْفِرْ لَنَا وَتَرْحَمْنَا لَنَكُونَنَّ مِنَ الْخَاسِرِينَ

“রাব্বানা যালামনা আনফুসানা অইল্লাম তাগফির লানা অতারহামনা লানাকুনান্না মিনাল খা-সিরীন।”

অর্থঃ হে আমাদের প্রতিপালক! আমরা নিজেদের প্রতি অন্যায় করেছি। যদি তুমি আমাদেরকে ক্ষমা না কর, তাহলে অবশ্যই আমরা ক্ষতিগ্রস্তদের অন্তর্ভুক্ত হব। (আরাফ : ২৩)

رَبِّ إِنِّي ظَلَمْتُ نَفْسِي فَاغْفِرْ لِي

“রাব্বি ইন্নী যালামতু নাফসী ফাগফিরলী।”

অর্থঃ হে আমার প্রতিপালক! আমি তো আমার নিজের প্রতি যুলুম করেছি; সুতরাং আমাকে ক্ষমা কর। (ক্বাস্বাস্বঃ ১৬)।

رَبَّنَا آمَنَّا فَاغْفِرْ لَنَا وَارْحَمْنَا وَأَنتَ خَيْرُ الرَّاحِمِينَ

“রাব্বানা আ-মান্না ফাগফির লানা অরহামনা অআন্তা খাইরুর রাহিমীন।”

অর্থঃ হে আমাদের প্রতিপালক! আমরা ঈমান এনেছি, সুতরাং তুমি আমাদেরকে ক্ষমা করে দাও ও আমাদের উপর দয়া কর, তুমি তো শ্রেষ্ঠ দয়ালু। (মু’মিনুনঃ ১০৯)

أَنتَ وَلِيُّنَا فَاغْفِرْ لَنَا وَارْحَمْنَا ۖ وَأَنتَ خَيْرُ الْغَافِرِينَ

“আন্তা অলিয়্যুনা ফাগফির লানা অরহামনা অআন্তা খাইরুল গা-ফিরীন।”

অর্থঃ তুমিই তো আমাদের অভিভাবক। সুতরাং আমাদেরকে ক্ষমা কর ও আমাদের প্রতি দয়া কর এবং তুমিই সর্বশ্রেষ্ঠ ক্ষমাশীল। (আ'রাফঃ ১৫৫)।

رَّبِّ اغْفِرْ وَارْحَمْ وَأَنتَ خَيْرُ الرَّاحِمِينَ

“রাব্বিগফির অরহাম অআন্তা খাইরুর রাহিমীন।”

অর্থঃ হে আমার প্রতিপালক! তুমি ক্ষমা কর ও দয়া কর, দয়ালুদের মধ্যে তুমিই তো শ্রেষ্ঠ দয়ালু। (মু'মিনূনঃ ১১৮)

رَبَّنَا إِنَّنَا آمَنَّا فَاغْفِرْ لَنَا ذُنُوبَنَا وَقِنَا عَذَابَ النَّارِ

“রাব্বানা ইন্নানা আ-মান্না ফাগফির লানা যুনুবানা অকিনা আযা-বান্নার।”

অর্থঃ হে আমাদের প্রতিপালক! নিশ্চয় আমরা ঈমান এনেছি; অতএব আমাদের অপরাধসমূহ ক্ষমা কর এবং দোযখের শাস্তি থেকে আমাদেরকে রক্ষা কর। (আলে ইমরানঃ ১৬)

رَّبَّنَا إِنَّنَا سَمِعْنَا مُنَادِيًا يُنَادِي لِلْإِيمَانِ أَنْ آمِنُوا بِرَبِّكُمْ فَآمَنَّا ۚ رَبَّنَا فَاغْفِرْ لَنَا ذُنُوبَنَا وَكَفِّرْ عَنَّا سَيِّئَاتِنَا وَتَوَفَّنَا مَعَ الْأَبْرَارِ * رَبَّنَا وَآتِنَا مَا وَعَدتَّنَا عَلَىٰ رُسُلِكَ وَلَا تُخْزِنَا يَوْمَ الْقِيَامَةِ ۗ إِنَّكَ لَا تُخْلِفُ الْمِيعَادَ

“রাব্বানা ইন্নানা সামি'না মুনাদিয়াই য়্যুনাদি লিল-ঈমানি আন আ-মিনু বিরাব্বিকুম ফাআ-মান্না। রাব্বানা ফাগফির লানা যুনুবানা অকাফফির আন্না সাইয়্যিআতিনা অতাওয়াফফানা মাআল আবরার। রাব্বানা অআ-তিনা মা ওয়াত্তানা আলা রুসুলিকা অলা তুখযিনা য়্যাউমাল কিয়ামাহ, ইন্নাকা লা তুখলিফুল মীআ-দ।”

অর্থঃ হে আমাদের প্রতিপালক! আমরা এক আহবায়ককে ঈমানের দিকে আহবান করতে শুনেছি যে, তোমরা তোমাদের প্রতিপালকের প্রতি ঈমান আনো। সুতরাং আমরা ঈমান এনেছি। অতএব হে আমাদের প্রতিপালক! তুমি আমাদের পাপসমূহ ক্ষমা কর, আমাদের মন্দ কার্যসমূহ গোপন কর এবং মৃত্যুর পর আমাদেরকে পুণ্যবানদের সাথে মিলিত কর। হে আমাদের প্রতিপালক! তোমার রসূলগণের মাধ্যমে আমাদেরকে দেওয়ার প্রতিশ্রুতি দিয়েছ, তা আমাদেরকে দান কর। আর কিয়ামতের দিন আমাদেরকে লাঞ্ছিত করো না। নিশ্চয় তুমি প্রতিশ্রুতির ব্যতিক্রম কর না। (আলে ইমরানঃ ১৯৩-১৯৪)।

Source — https://www.hadithbd.com/books/link/?id=11813

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন